



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/ পিআর/০৩/

তারিখ: ১৩ নভেম্বর, ২০১৭

প্রেসবিজ্ঞপ্তি

আজ ১৩ নভেম্বর, ২০১৭ বিকাল ২.৪৫ টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট – এ আন্তঃবিভাগ বাস্কেটবল প্রতিযোগিতা - ২০১৭ এর শুভ উদ্বোধন করেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথি হিসেবে সংক্ষিপ্ত বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, দক্ষ জনশক্তি ও সুস্থ সবল মানসিকতা গঠনে খেলাধুলার বিকল্প নেই। এই উদ্দেশ্যকে সামনে রেখে বিশ্ববিদ্যালয় প্রশাসন সকল ধরনের খেলাধুলা আয়োজন করে থাকে। তিনি প্রতি বছরের ন্যায় এবার ও আন্তঃবিভাগ বাস্কেটবল প্রতিযোগিতা আয়োজনের জন্য অংশগ্রহণকারী দলসহ সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানান।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস এবং খেলাধুলা ও ক্রীড়া উপকমিটির সভাপতি প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার। এ সময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রফেসর ড. আনোয়ারুল ইসলাম, প্রক্টর জহির উদ্দিন আহমদ, শারীরিক শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক চৌধুরী সউদ বিন আশ্বিয়াসহ বিভিন্ন বিভাগের প্রধান, শিক্ষক-কর্মকর্তা, ছাত্রছাত্রী ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

উদ্বোধনী খেলা গণিত বিভাগ আর্কিটেকচার বিভাগের মধ্যে অনুষ্ঠিত হয়।

রেজিস্ট্রার